# সকল বোর্ড-২০১৮

**বাংলা (আবশ্যিক) প্রথম পত্র**

বিষয় কোড: | ১ | ০ | ১ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট — **সৃজনশীল প্রশ্ন** — পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

## ক অংশ — গদ্য

**১.** সাপ ধরার মন্ত্র শিখে মৃত্যুঞ্জয় মস্তবড় সাপুড়ে হয়ে উঠল। একদিন সাপ ধরতে গেলে, বিষধর সাপের দংশনে সে আহত হয়। তার শ্বশুরের দেওয়া সব তাবিজ-কবজ তার হাতে বেঁধে দেওয়া হলো আর সেই সাথে বহু সংখ্যক ওঝা মিলে বহু দেব-দেবীর দোহাই এবং ঝাড়ফুঁক করেও তাকে বাঁচাতে পারল না।

ক. গ্রামে কে নাড়ী দেখতে জানত? ১

খ. "মা মরেছে ত যা নিচে নেবে দাঁড়া"— অধর রায়ের এরূপ উক্তির কারণ কী? ২

গ. উদ্দীপকে 'অভাগীর স্বর্গ' গল্পের যে বিশেষ দিকের প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে 'অভাগীর স্বর্গ' গল্পের একটি বিশেষ দিকের প্রতিফলন ঘটলেও গল্পের মূল বিষয়টি অনুপস্থিত। মন্তব্যটির যথার্থতা বিচার করো। ৪

**২.** ▶ শত্রুর প্রলোভনে পড়ে ইমাম হাসান (রাঃ) কে তাঁর প্রিয়তমা স্ত্রী জায়েদা বিষয় প্রয়োগ করেন। মৃত্যু পথযাত্রী ইমাম হাসান (রাঃ) বিষয়টি জানতে পেরেও তা গোপন রাখেন। তাঁর অনুজ বিষ দাতার নাম জানতে চাইলে তিনি তাতে অস্বীকৃতি জানান এবং ভবিষ্যতে জানতে পারলেও তাকে ক্ষমা করতে বলেন।

ক. ছাত্রজীবনে মোহাম্মদ ওয়াজেদ আলী কোন আন্দোলনে যোগ দিয়েছিলেন? ১

খ. 'মানুষ একজন হইয়াও মুহম্মদ (স.) দুর্লভ- কথাটি বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকে ইমাম হাসান (রাঃ) এর চরিত্রে হযরত মুহম্মদ (স.) এর যে মহৎ গুণের প্রভাব পড়েছে তা 'মানুষ মুহম্মদ (স.) প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের প্রতিফলিত গুণটি হযরত মুহম্মদ (স.) এর পরিপূর্ণ গুণের অংশবিশেষ।' উক্তিটি মূল্যায়ন করো। ৪

**৩.** ▶ রবীন্দ্রনাথ ঠাকুরের 'তোতা কাহিনী' গল্পে রাজা শখ করে একটি তোতা পাখি কিনে সেটির শিক্ষার ব্যবস্থা করলেন। শিক্ষার জন্য বিখ্যাত সব পণ্ডিত নিয়োগ দেওয়া হলো। মহা সমারোহে তোতার শিক্ষাদান চলতে থাকল। পণ্ডিতেরা সেটিকে জোর করে পুস্তকের পাতা মুখের মধ্যে পুরে দিতে থাকল। অবশেষে একদিন সেটি মারা গেল।

ক. প্রমথ চৌধুরীর সাহিত্যিক ছদ্মনাম কী? ১

https://teachingbd24.com

খ. লেখক লাইব্রেরিকে হাসপাতালের উপরে স্থান দিয়েছেন কেন? ২
গ. উদ্দীপকে 'বই পড়া' প্রবন্ধের যে বিশেষ দিকটির প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে প্রতিফলিত দিকটি মানুষের স্বশিক্ষিত হবার পথ রুদ্ধ করে দেয়। 'বই পড়া' প্রবন্ধের আলোকে মন্তব্যটির যথার্থতা বিচার করো। ৪

৪.▶ বাংলা শিক্ষক শ্রেণিতে 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধটি পড়াতে গিয়ে সাহিত্যের একটি নবীন শাখা নিয়ে কথা বলছিলেন। এর বৈশিষ্ট্য সম্পর্কে তিনি বলেন, "এতে সকল প্রকার বাহুল্য বর্জন করা হয়। একজন আলঙ্কারিক এটিকে একটি ফুলের সাথে তুলনা করেছেন, যাতে পাতা বা কাঁটার কোনো স্থান নেই।"

ক. মহাকাব্য কোন কাহিনী অবলম্বনে রচিত হয়? ১
খ. নাটককে দৃশ্যকাব্য বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে সাহিত্যের যে শাখার প্রতি ইঙ্গিত করা হয়েছে তা 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে প্রতিফলিত সাহিত্য শাখার সঙ্গে পাঠক সমাজে সর্বাধিক বহুল পঠিত ও জনপ্রিয় শাখাটির তুলনামূলক ব্যাখ্যা করো। ৪

## খ অংশ — কবিতা

৫.▶ পলাশীর যুদ্ধে নবাব সিরাজ-উদ-দ্দৌলা ইংরেজদের নিকট পরাজিত ও বন্দি হন। তাঁকে একটি অন্ধকার কামরায় আটকে রাখা হয়েছিল। তাঁকে হত্যার জন্য কামরার দরজা খোলা হলে তাতে একফালি আলো প্রবেশ করে। এতে নবাব প্রার্থনা করলেন— এ আলোই যেন তাঁর প্রজাদের মঙ্গল আর মুক্তি বয়ে আনে।

ক. ভারতচন্দ্র কোন রাজার সভাকবি ছিলেন? ১
খ. দেবী অন্নপূর্ণার হরিহোড়ের গৃহ ত্যাগ করার কারণ কী? ২
গ. উদ্দীপকে নবাবের প্রার্থনায় 'আমার সন্তান' কবিতার যে চরিত্রের মানসিকতা ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. চেতনাগত সাদৃশ্য থাকলেও উদ্দীপকের ভাব এবং 'আমরর সন্তান' কবিতার প্রেক্ষাপট ভিন্ন। মন্তব্যটি যথার্থতা বিচার করো। ৪

৬. আজিকার রোদ ঘুমায়ে পড়িছে ঘোলাটে মেঘের আড়ে
কেয়া-বন-পথে স্বপন বুনিছে ছল ছল জলধারে;
কাহার ঝিয়ারি কদম্ব-শাখে নিঝঝুম নিরালায়,

https://teachingbd24.com

ছোট ছোট রেণু খুলিয়া দেখিছে অস্ফুট কলিকায়!
বাদলের জলে নাহিয়া সে-মেয়ে হেসে কুটি কুটি হয়,
সে হাসি তাহার অধর নিঙাড়ি লুটাইছে বনময়।

ক. 'বৃষ্টি' কবিতায় কী ধরনের আকাশের কথা বলা হয়েছে? ১

খ. বিদ্যুৎ রূপসী পরী বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকে 'বৃষ্টি' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তার বর্ণনা দাও। ৩

ঘ. "উদ্দীপকটি 'বৃষ্টি' কবিতার একমাত্র উপজীব্য নয়।" মন্তব্যটি যাচাই করো। ৪

৭.▶ মরমী সাধক লালন ফকির মানুষে মানুষে ভেদ-বৈষম্যে বিশ্বাস করতেন না। তিনি সব মানুষকে ভালোবাসতেন। তাঁর গানে তিনি মানুষকে ভালোবাসার কথা বলে গেছেন। আর্ত মানবতার সেবার পাশাপাশি তিনি বৈষম্যহীন একটি আদর্শ মানব সমাজ প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন।

ক. গোস্ত-রুটি নিয়ে কে মসজিদে তালা দিল? ১

খ. কবি ভজনালয়ের সব তালা দেওয়া দ্বার ভেঙে ফেলতে বলেছেন কেন? ২

গ. উদ্দীপকের লালন ফকিরের আদর্শের সঙ্গে মোল্লা-পুরুতের আদর্শগত যে পার্থক্য বিদ্যমান তা 'মানুষ' কবিতাবলম্বনে বর্ণনা করো। ৩

ঘ. "উদ্দীপকের প্রতিফলিত রূপই 'মানুষ' কবিতার মর্মকথা"— মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

## গ অংশ — উপন্যাস

৮.▶ মিয়ানমারের রাখাইন প্রদেশে রোহিঙ্গা জনগোষ্ঠীর বাস। সে দেশের সরকারি বাহিনী রোহিঙ্গা নিধনে মেতে উঠেছে। নির্বিচারে তারা অগণিত রোহিঙ্গাকে হত্যা করছে এবং তাদের ঘরবাড়ি জ্বালিয়ে দিচ্ছে। প্রাণভয়ে তারা দলে দলে পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিচ্ছে।

ক. বাংলা সাহিত্যে প্রথম সার্থক ঔপন্যাসিক কে? ১

খ. বুধার মাটি কাটার দলে যোগদানের কারণ ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে বিশেষ দিকটি ফুটে উঠেছে তা আলোচনা করো। ৩

ঘ. "ঘটনাগত সাদৃশ্য থাকলেও উদ্দীপকের বিষয় ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের প্রতিপাদ্য বিষয় সম্পূর্ণ ভিন্ন।"— মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো। ৪

https://teachingbd24.com

৯. ▶ মুর্দাফকির ছিলেন স্কুলশিক্ষক। তেতাল্লিশের দুর্ভিক্ষে তিনি তাঁর স্ত্রী, পুত্র, কন্যাদের অনাহারে মৃত্যুবরণ করতে দেখেছেন। লাশগুলোকে কবর পর্যন্ত দিতে পারেননি। সেগুলো শিয়াল-শকুনে খুবলে খুবলে খেয়েছে। এসব দৃশ্য দেখে তিনি পাগল হয়ে গেছেন।

ক. শাহাবুদ্দিনের দৃষ্টিতে বুধা বুকের ভেতর কী ধরে রেখেছে? ১

খ. বুধার চাচির চোখ উজ্জ্বল হয়ে উঠার কারণ ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের মুর্দাফকির 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে চরিত্রের সঙ্গে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা করো। ৩

ঘ. চরিত্র দুটির মধ্যে সাদৃশ্য বিদ্যমান থাকলেও উভয়কে একসূত্রে গাঁথা চলে না।— উদ্দীপক ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের আলোকে উক্তিটি যথার্থতা নিরূপণ করো। ৪

## ঘ অংশ — নাটক

১০. ▶ আব্দুল্লাহর বাবা একজন নামজাদা পীর ছিলেন। তাঁর পিতার অসংখ্য মুরিদান ছিল। তারা আব্দুল্লাহকে পীর হিসাবে খেদমত করতে চাইত। আধুনিক শিক্ষায় শিক্ষিত আব্দুল্লাহ তা পছন্দ করতেন না। একজন মুরিদান তাঁর পায়ে সালাম করতে গেলে তিনি তাকে বাধা দিয়ে দ্রুত সরে যান, এতে লোকটি ভাবল বেশেতের দুয়ারের চাবি তার হাতছাড়া হয়ে গেল।

ক. বহিপীর নাটকের প্রথম সংলাপটি কার? ১

খ. এমন মেয়েও কারও পেটে জন্মায়, জানতাম না। ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে 'বহিপীর' নাটকের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আব্দুল্লাহ এবং 'বহিপীর' নাটকের বহিপীরের মধ্যে চেতনাগত বৈসাদৃশ্য নিরূপণ করো। ৪

১১. এককালে বাংলায় কৌলীন্য প্রথার প্রচলন ছিল। উঁচুকুলে কন্যাদান করতে পারা বড় পুণ্য আর গৌরবের মনে করা হতো। অনেক পিতা-মাতা কন্যার মতের বিরুদ্ধে গিয়ে উঁচুকুলের অধিক বয়সী পাত্রের সঙ্গে তাঁদের অল্প বয়সী কন্যার বিয়ে দিত।

ক. বহিপীরের বাড়ি কোথায়? ১

খ. "তাহারা তাহাদের নতুন জীবনের পথে যাইতেছে।" বহিপীরের এরূপ উক্তির কারণ ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে 'বহিপীর' নাটকের যে দিকটির প্রতি ইঙ্গিত করা হয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের ইঙ্গিতকৃত বিষয়ই 'বহিপীর' নাটকের একমাত্র বিষয় নয়।" মূল্যায়ন করো। ৪

Teachingbd24.com

সময় — ৩০ মিনিট  পূর্ণমান — ৩০  বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা  বিষয় কোড: ১ ০ ১

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. বাংলা সাহিত্যে ইংরেজি উপন্যাসের আদলে উপন্যাস রচনার সূত্রপাত ঘটে কখন?
ⓚ দেড়শ বছর আগে ⓚ দুইশ বছর আগে
ⓖ আড়াইশ বছর আগে ⓖ তিনশ বছর আগে

২. 'পথ ওকে ডাকে— আয়। ও হেসে বলে, এইতো এসেছি।' এখানে ওকে বলতে কাকে বোঝানো হয়েছে?
ⓚ কুন্তি ⓚ বুধা
ⓖ মিঠু ⓖ আলি

৩. 'আম-আঁটির ভেঁপু' গল্পে টোল্-খাওয়া ভেঁপু বাঁশিটার দাম কত?
ⓚ চার পয়সা ⓚ পাঁচ পয়সা
ⓖ ছয় পয়সা ⓖ সাত পয়সা

**নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**

ভগবানের ফৌজদারি কোর্ট নাই
সেখানে জাত বিচার পৈতে টিকিটুকি টোপর
সব সেথা ভাই একাকার
জাত সে শিকেয় তোলা রবে, কর্ম নিয়ে
বিচার হবে,
বামুন চাঁড়াল এক গোয়ালে,
নরক কিংবা স্বর্গে থোওয়া।

৪. উদ্দীপকটি তোমার পাঠ্যবইয়ের কোন রচনাটিকে ইঙ্গিত করছে?
ⓚ নিরীহ বাঙালি ⓚ অভাগীর স্বর্গ
ⓖ দেনাপাওনা ⓖ আম-আঁটির ভেঁপু

৫. উক্ত রচনায় প্রকাশ পেয়েছে—
i. সামন্তবাদের নির্মম রূপ
ii. নিম্নবিত্ত মানুষের জীবন
iii. শ্রমজীবীদের প্রতি সহানুভূতি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ i ও ii ⓖ ii ও iii

৬. 'জীবন-সঙ্গীত' কবিতায় কবি মানবগণকে বারণ করেছেন—
i. ভয়ে ভীত হয়ে
ii. সুখের আশা করতে
iii. বৃথা জীবন ক্ষয় করতে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৭. 'কপোতাক্ষ নদ' কবিতায় 'প্রজা' বলতে কাকে বোঝানো হয়েছে?
ⓚ নদকে ⓚ সাগরকে
ⓖ জন্মভূমিকে ⓖ বারিকে

৮. প্রাচীন ভারতবর্ষে রচিত মহাকাব্য কোনটি?
ⓚ রামায়ণ ⓚ বৃত্রসংহার
ⓖ মেঘনাদবধ ⓖ মহাশ্মশান

**নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:**

জন্মের পর নানু আদর করে নাতনির নাম দিলেন 'কলি'। মা ডাকেন 'কালি'। স্কুলে ভর্তি হবার সময় শ্রেণি শিক্ষক নাম দিলেন 'কালিনী'।

৯. উদ্দীপকের নামের ধারাবাহিক পরিবর্তনটির সঙ্গে সম্পূর্ণযুক্ত—
i. প্রাচীন ভারতীয় আর্যভাষা > মধ্যভারতীয় আর্যভাষা > বাংলা ভাষা
ii. অবিধবা > অবিহবা > এয়ো
iii. মৎস্য > মচ্ছ > মাছ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১০. উল্লিখিত পরিবর্তনটি বাংলা শব্দকে করেছে—
ⓚ নান্দনিক ⓚ আধুনিক
ⓖ উজ্জ্বল ⓖ বোধগম্য

১১. কার কাঁধে মাথা রেখে তিনু ঘুমিয়ে যেত?
ⓚ বিনু ⓚ পিলু
ⓖ তালেব ⓖ বুধা

১২. "সামাজিক প্রথা অনুসারেই স্বামীর নাম কোনো নারী মুখে নেয় না।"— এটি কার কথা?
ⓚ ঈশ্বরী পাটুনীর ⓚ অন্নপূর্ণার
ⓖ পাটুনীর ⓖ হরিহরের

১৩. 'অন্নবস্ত্রের প্রাচুর্যের চেয়েও মুক্তি বড়'— এর সঙ্গে সাদৃশ্যপূর্ণ কথা হচ্ছে—
ⓚ অর্থ সাধনাই জীবন সাধনা নয়
ⓚ মনের দাবি রক্ষা না করলে আত্মা বাঁচে না
ⓖ বিত্ত হতে চিত্ত বড়
ⓖ অর্থচিন্তার নিগড়ে সকলে বন্দি

https://teachingbd24.com

১৪. সেবার অলিপুরে যখন ওলা বিবি এসে ঘরকে ঘর উজাড় করে দিচ্ছিল তখন করিম হাজীই রক্ষা করেছিলেন গাছটাকে— এখানে করিম হাজীকে তোমার পঠিত নাটকের কার প্রতিচ্ছবি বলা যায়?
ক) হাতেম আলির খ) হাশেম আলির
গ) বহিপীরের ঘ) হকিকুল্লাহর

১৫. 'সবাই যদি তোমার মত ভালোবাসত' বাক্যটিতে প্রকাশ পেয়েছে মমতাদির—
ক) আকাঙ্ক্ষা খ) হতাশা
গ) আক্ষেপ ঘ) প্রত্যাশা

১৬. বাঙালি লাল রাজপথে কীসের ঠিকানা পেয়েছে?
ক) চর্যাপদের খ) কমলার দীঘির
গ) রাষ্ট্রভাষার ঘ) মহুয়ার পালার

১৭. 'আমার শরীরে লেগে আছে, এই স্নিগ্ধ মাটির সুবাস'। এ পঙ্ক্তিতে প্রকাশ পেয়েছে কবির—
i. দেশপ্রেমের গভীরতা
ii. ধুলোবালির সঙ্গে সখ্যতা
iii. জন্মভূমির সঙ্গে একাত্মতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৮. সিঁথির সিঁদুর মুছে গেল কার?
ক) সাকিনা বিবির
খ) মোল্লা বাড়ির বিধবার
গ) হরিদাসীর
ঘ) সুস্মিতা রানীর

১৯. দিক দিগন্তের পথে অপরূপ আভা দেখে বর্ষামুখর দিনে কী শিহরায়?
ক) অরণ্যের কেয়া খ) রৌদ্র-দগ্ধ ধান ক্ষেত
গ) বিদ্যুৎ রূপসী পরী ঘ) বিদগ্ধ আকাশ

২০. 'এমন ঝড় কখনো দেখিনি'— উক্তিটি কার?
ক) খোদেজার খ) বহিপীরের
গ) তাহেরার ঘ) হাশেমের

২১. কী দেখে পূজারী ভজনালয় খুলল?
ক) দেবতা খ) মানুষ
গ) ঠাকুর ঘ) স্বপন

নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:
'গাহি সাম্যের গান—
মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান।'

২২. উদ্দীপকের সঙ্গে তোমার পঠিত কোন প্রবন্ধের সাদৃশ্য রয়েছে?
ক) শিক্ষা ও মনুষ্যত্ব খ) পয়লা বৈশাখ
গ) একাত্তরের দিনগুলি
ঘ) উপেক্ষিত শক্তির উদ্বোধন

২৩. উদ্দীপক ও প্রবন্ধের ভাবগত ঐক্য—
i. অসাম্প্রদায়িকতায়
ii. সাম্যবাদিতায়
iii. সত্যবাদিতায়
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) i ও ii ঘ) i, ii ও iii

২৪. জামীর স্কুল খুলেছে কোন তারিখে?
ক) ১২ মে, ১৯৭১ খ) ১১ মে, ১৯৭১
গ) ১০ মে, ১৯৭১ ঘ) ০৯ মে, ১৯৭১

২৫. বাদশা বাবর কাঁদিয়া ফিরিছে, নিদ নাহি চোখে তাঁর—
পুত্র তাঁহার হুমায়ুন বুঝি বাঁচে না এবার আর।
উদ্ধৃতাংশের 'বাদশা বাবরের' সঙ্গে মিল পাওয়া যায়—
ক) সর্বজয়ার খ) জমিলার
গ) অভাগীর ঘ) পল্লিমায়ের

২৬. পালামৌ প্রবল শহর নহে, মাত্র একটি—
ক) প্রকাণ্ড পরগনা খ) সুখের স্থান
গ) গণ্ড গ্রাম ঘ) প্রবল নগর

২৭. বুধাকে দেখে কুন্তির দৃষ্টি চকচক করে ওঠে কেন?
ক) ভয়ে খ) খুশিতে
গ) অপ্রত্যাশিতভাবে ঘ) শাপলা দেখে ফেলায়

২৮. 'প্রাণ' কবিতায় কবি অমর হতে চেয়েছেন—
ক) শুভ কাজ করে
খ) মনজয়ী রচনা তৈরি করে
গ) মানুষ ও প্রকৃতিকে ভালোবেসে
ঘ) অসহায়দের সাহায্য করে

২৯. জ্যৈষ্ঠ মাস কোন ঋতুর অন্তর্ভুক্ত?
ক) হেমন্ত খ) বসন্ত
গ) গ্রীষ্ম ঘ) শরৎ

৩০. মৃতের আগুন কোথায় চাপা পড়ে?
ক) বুকে খ) পিঠে
গ) মনে ঘ) মাটিতে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | ক | ৪ | খ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | ক | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ক |

Teachingbd24.com

https://teachingbd24.com